# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

**ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-১**

বিআরপিডি-১ সার্কুলার লেটার নং-১৭

তারিখ: ১৩ মে ২০২৬ / ৩০ বৈশাখ ১৪৩৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

**ঋণ/বিনিয়োগের সুদ/মুনাফা হার প্রসঙ্গে**

উপর্যুক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-১০ তারিখ: ০৮ মে ২০২৪ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২. সূত্রোক্ত বিআরপিডি সার্কুলার নং-১০/২০২৪ এর মাধ্যমে ঋণের বাজারভিত্তিক সুদহার নির্ধারণের ক্ষেত্রে ৩(গ) অনুচ্ছেদে নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করা হয়:

> "কোনো ঋণ অথবা ঋণের কিস্তি সম্পূর্ণ বা আংশিক মেয়াদোত্তীর্ণ (Overdue) হিসেবে চিহ্নিত হলে যে সময়ের জন্য মেয়াদোত্তীর্ণ হবে, উক্ত সময়ে চলমান ঋণ/তলবী ঋণের ক্ষেত্রে সম্পূর্ণ ঋণস্থিতির উপর এবং মেয়াদি ঋণের ক্ষেত্রে মেয়াদোত্তীর্ণ কিস্তির উপর সর্বোচ্চ ১.৫% দন্ড সুদ আরোপ করা যাবে।"

৩. এক্ষণে, বিদ্যমান বৈশ্বিক অর্থনৈতিক পরিস্থিতির প্রেক্ষাপট বিবেচনায় বিনিয়োগ ও উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে বিআরপিডি সার্কুলার নং-১০/২০২৪ এর ৩(গ) অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনা নিম্নরূপে প্রতিস্থাপন করা হলো:

> "কোনো ঋণ অথবা ঋণের কিস্তি সম্পূর্ণ বা আংশিক মেয়াদোত্তীর্ণ (Overdue) হিসেবে চিহ্নিত হলে যে সময়ের জন্য মেয়াদোত্তীর্ণ হবে, উক্ত সময়ে চলমান ঋণ/তলবী ঋণের ক্ষেত্রে সম্পূর্ণ ঋণস্থিতির উপর এবং মেয়াদি ঋণের ক্ষেত্রে মেয়াদোত্তীর্ণ কিস্তির উপর সর্বোচ্চ ০.৫% দন্ড সুদ আরোপ করা যাবে।"

৪. এতদ্ব্যতীত, বিআরপিডি সার্কুলার নং-১০/২০২৪ এর অন্যান্য সকল নির্দেশনা অপরিবর্তিত থাকবে এবং উক্ত সার্কুলারের আওতায় ইতঃপূর্বে গৃহীত কার্যক্রম বৈধ মর্মে পরিগণিত হবে।

৫. এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

৬. ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ২৯(২)(চ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(গাজী মোঃ মাহফুজুল ইসলাম)
পরিচালক (বিআরপিডি-১)
ফোনঃ ৯৫৩০২৫২